

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৯.১৯.১৮৪

তারিখ: ২৮ আষাঢ়, ১৪২৭

১২ জুলাই ২০২০

বিষয়: প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

জনাব সাইফুর রহমান, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গোলাপগঞ্জ, সিলেট--এর বিরুদ্ধে প্রকল্পের কাজে চরম অনীহা প্রদর্শন, নিয়মিত সমিতিতে না যাওয়া, সমিতি হতে আদায়কৃত অর্থ প্রায়শই হস্তমজুদ করাসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। জনাব সাইফুর রহমান, গোলাপগঞ্জ, সিলেট-এ সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তিবাদ আদায়কৃত ৩,৪০,৩৭৭/- ( তিন লক্ষ চল্লিশ হাজার তিনশত সাতাত্তর ) টাকা অফিসে জমা না দিয়ে হস্তমজুদ করেন। এ প্রেক্ষিতে প্রকল্পের কাজে অনীহা, নিয়মিত সমিতিতে না যাওয়া, সমিতি হতে আদায়কৃত অর্থ প্রায়শই হস্তমজুদ করাসহ নানাবিধ বিষয়ে অভিযোগের কারণে প্রকল্প সদর দপ্তরের ২৬.০৪.২০১৮ তারিখে তাকে সাময়িকভাবে বরখাস্তকরণ সহ কারণ দর্শানো হয়, পরবর্তীতে তিনি ১,২৮,০০০/- ( এক লক্ষ আটশ হাজার ) টাকা পরিশোধ করেছেন এবং ২,১২,৩৭৭/- ( দুই লক্ষ বার হাজার তিনশত সাতাত্তর ) টাকা এখনও অপরিশোধিত রয়েছে মর্মে উপজেলা সমন্বয়কারী গোলাপগঞ্জ, সিলেট-প্রকল্প সদর দপ্তরকে লিখিত ভাবে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, আর্থিক অনিয়ম, ধৃষ্টতা এবং দুর্নীতির শামিল। এমতাবস্থায়, সমিতির অর্থ হস্তমজুদ এবং প্রকল্পের কাজে চরম গাফিলতিসহ নানাবিধ কারণে প্রকল্পের অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ৬ নং শর্ত অনুযায়ী প্রকল্পের চাকুরি হতে জনাব সাইফুর রহমানকে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করা হলো। একইসাথে আত্মসাতকৃত/হস্তমজুদকৃত টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩. আত্মসাতকৃত অর্থ যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট-কে অনুরোধ করা হলো। হস্তমজুদ/আত্মসাতকৃত টাকা জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব সাইফুর রহমান-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন আইনের সংশ্লিষ্ট ধারায় এবং পাবলিক ডিম্যান্ড রিকভারি আইন, ১৯১৩ এর সংশ্লিষ্ট ধারা (সার্টিফিকেট মামলা) অনুযায়ী শাখা ব্যবস্থাপকে মামলা করার অনুমতি প্রদান করা হলো।



১২-৭-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব সাইফুর রহমান, মাঠসহকারী, আমার বাড়ি আমার  
খামার প্রকল্প, গোলাপগঞ্জ, সিলেট।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৯.১৯.১৮৪/১(৭)

তারিখ: ২৮ আষাঢ়, ১৪২৭

১২ জুলাই ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।

২) জেলা প্রশাসক, সিলেট।

- ৩) উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট।
- ৬) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গোলাপগঞ্জ, সিলেট।
- ৭) অফিস নথি।



১২-৭-২০২০

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক